

## 💵 হজ্জ, উমরা ও যিয়ারত গাইড

বিভাগ/অধ্যায়ঃ মীকাত ও এহরাম রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## এহরাম বাধার সময়

হজ্জ অথবা উমরার উদ্দেশ্যে সৌদি আরব গমন করলে এহরাম ব্যতীত নির্দিষ্ট সীমারেখা—মীকাত—পার হওয়া যায় না, এ বিষয়ে আগেই আলোচনা হয়েছে বাংলাদেশ থেকে হজে যাওয়ার সময় বিমানে থাকা অবস্থাতেই মীকাত এসে যায়। মীকাত নিকটবর্তী হলে বিমানে কর্তব্যরত ব্যক্তিরা হাজি সাহেবদেরকে এ ব্যাপারে ঘোষণা দিয়ে জানিয়ে দেন। সে সময়ই এহরামের নিয়ত করা উত্তম। কেননা রাসূলুল্লাহ (ﷺ)মীকাতের পূর্বে এহরামের নিয়ত করেননি।[1] তবে বিমানে আরোহণের পূর্বেই এহরামের যাবতীয় প্রস্তুতি সম্পন্ন করে নেবেন। শুধুমাত্র নিয়তটা বাকি রাখবেন। বিমানে আরোহণের পূর্বেও এহরামের নিয়ত করতে পারেন, তবে তা খেলাফে সুন্নত হওয়ায় কেউ কেউ মাকরুহ বলেছেন।[2] আপনি যদি প্রথমে মদিনায় যাওয়ার নিয়ত করে থাকেন তাহলে এসময় এহরামের নিয়ত করার দরকার নেই। কেননা মদিনা থেকে মক্কায় আসার পথে আরেকটি মীকাত পড়বে, সেখান থেকে এহরাম বাঁধলেই চলবে।

## ফুটনোট

[1] - দেখুন, মুসলিম : হাদিস নং ১২১৮

[2] - দেখুন : সাইয়েদ সাবেক : ফিকহুস্পুন্নাহ , খন্ড ১, পৃ:৬৫৩

Source — https://www.hadithbd.com/books/link/?id=3470

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন